

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৫৬
৮/ সওম (کتاب الصوم)
পরিচ্ছেদঃ ২৬৭. ই'তিকাফ।

باب الإعْتِكَافِ

## আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، وَيَعْلَى بْنُ عُبَيْدٍ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ عَمْرَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا أَرَادَ أَنْ يَعْتَكِفَ فِي الْعَشْرِ الأَوَاخِرِ مِنْ صَلَّى الْفَجْرَ ثُمَّ دَخَلَ مُعْتَكَفَهُ . قَالَتْ وَإِنَّهُ أَرَادَ مَرَّةً أَنْ يَعْتَكِفَ فِي الْعَشْرِ الأَوَاخِرِ مِنْ رَمَضَانَ . قَالَتْ فَأَمَر بِبِنَائِهِ فَضُرُبَ فَلَمَّا رَأَيْتُ ذَلِكَ أَمَرْتُ بِبِنَائِي فَضُرُبَ . قَالَتْ وَأَمَر غَيْرِي مِنْ أَزْوَاجِ النَّبِيِّ صلى الله عليه وسلم ببِنَائِهِ فَصُرُبَ فَلَمَّا صَلَّى الْفَجْرَ نَظَرَ إِلَى غَيْرِي مِنْ أَزْوَاجِ النَّبِيِّ صلى الله عليه وسلم ببِنَائِهِ فَصُرُبَ فَلَمَّا صَلَّى الْفَجْرَ نَظَرَ إِلَى غَيْرِي مِنْ أَزْوَاجِ النَّبِيِّ صلى الله عليه وسلم ببِنَائِهِ فَصُرُبَ فَلَمَّا صَلَّى الْفَجْرَ نَظَرَ إِلَى الْأَبْنِيَةِ فِقُوْضَ وَأَمَرَ أَزْوَاجُ بِأَبْنِيَةِ فِنَّ اللهَ عَلَيه وسلم ببِنَائِهِ فَقُوضِ وَأَمَرَ أَزْوَاجُ بِأَبْنِيَةِ فِنَالَ الْمُعْرِبَ قَلْمَ الله عَلِيهِ وَلَى الْمُشْرِ الأُولِ يَعْنِي مِنْ شَوَّالٍ . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ ابْنُ اللهُ عَلْمَ وَرَواهُ مَالِكٌ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ قَالَ إِسْحَاقَ وَالأَوْزَاعِيُّ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ قَالَ الْعُشْرِ الْأُولُ لَعْشَرِينَ مِنْ شَوَّالٍ . قَالَ أَوْدَ رَوَاهُ وَلَوْدَ وَالُهُ مَالِكٌ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ قَالَ الْعَثَكُفَ عِشْرِينَ مِنْ شَوَّالٍ .

## বাংলা

২৪৫৬. উসমান ইবন আবূ শায়বা ..... আয়েশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম যখন ই'তিকাফ করার ইরাদা করতেন, তখন তিনি ফজরের নামায আদায়ের পর ই'তিকাফকারী হিসাবে (মসজিদে) প্রবেশ করতেন। তিনি বলেন, এক সময়ে তিনি রামাযানের শেষ দশকে ই'তিকাফ করার ইরাদা করেন। তিনি বলেন, তখন তিনি তাঁর জন্য একটি তাঁবু খাটানেরা নির্দেশ দিলে তা খাটানো হয়। এরপর তা দেখে আমি আমার জন্য একটি তাঁবু খাটাতে বললে তা খাটানো হয়। তিনি বলেন, আমি ব্যতীত নবী করীম সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর অন্যান্য পত্নীগণও তাদের জন্য তাঁবু আটাতে নির্দেশ দিলে তাও খাটানো হয়।

এরপর তিনি ফজরের নামায শেষে ঐ সমস্ত তাঁবুর দিকে দৃষ্টিপাত করে বলেন, তা এমন কী ভাল কাজ, যা করতে তোমরা ইচ্ছা করেছো? তিনি স্বীয় তাঁবু ভেঙ্গে ফেলতে নির্দেশ দেওয়ায়, তা ভেঙ্গে ফেলা হয়। তাঁর স্ত্রীগণও স্ব-স্ব তাঁবু ভেঙ্গে ফেলার নির্দেশ দিলে, সেগুলোও ভেঙ্গে ফেলা হয়। এরপর তিনি এ ই'তিকাফ শাওয়াল মাসের



প্রথম দশদিন পর্যন্ত বিলম্বিত করেন।

ইমাম আবূ দাউদ (রহঃ) ইবন ইসহাক, আওযা'য়ী ও ইয়াহইয়া ইবন সাঈদ হতে পূর্বোক্ত হাদীসের অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। রাবী মালিক ইয়াহইয়া ইবন সাঈদ হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম শাওয়ালের বিশ তারিখ পর্যন্ত ই'তিকাফ করেন।

## **English**

'Aishah said:

When the Messenger of Allah () intended to observe I'tikaf, he prayed the fajr prayer and then entered his place of seclusion. Once he intended to observe I'tikaf during the last ten days of Ramadan. She said: He ordered to pitch a tent for him, and it was pitched. She said: The other wives of the Prophet () also ordered to pitch tents for them and they were pitched. When he offered the fajr prayer, he saw the tents, and said: What is this? Did you intend to do an act of virtue? She said: He then ordered to demolish his tent, and it was demolished. Then his wives also ordered to demolish their tents and they were demolished. He then postponed I'tikaf till the first ten days, that is of Shawwal.

Abu Dawud said: This tradition has been transmitted by Ibn Ishaq and al-Auza'i from Yahya b. Sa'id in a similar manner, and Malik narrated it from Yahya b. Sa'id, saying: He observed I'tikaf during twenty days of Shawwal.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন